দৈনিক ইনকিলাব

তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 7

254

## পরিসংখ্যান ব্যুরোর গ্রন্থাগার

বাংলাদেশ তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর গ্রন্থাগারে বিভিন্ন বিষয়ের বেশ কিছুসংখ্যক বই রয়েছে, যা কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য অনেকটা সহায়ক। কিন্তু এখানে যে সমস্যা রয়েছে, তাহলো পাঠকক্ষের আসন সংখ্যার অপ্রতুলতা। পাঠকক্ষে মাত্র দু'টি বড় টেবিল এবং মাত্র ৮/১০টি চেয়ার রয়েছে, যা প্রয়োজনের তুলনায় নিতান্তই সামান্য। তাই কর্তৃপক্ষের কাছে আবেদন পাঠকক্ষের চেয়ার টেবিল এবং বইয়ের সংখ্যা বৃদ্ধি করে (প্রয়োজনবোধে পাঠকক্ষ স্থানান্তর করে) ছাত্র-ছাত্রীদের পড়াশুনার সুবিধার্থে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

—আজম,
প্রথম বর্ষ ইতিহাস বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।